



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)
Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.
Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ২৯ জানুয়ারি ২০২৪

প্রেস বিজ্ঞপ্তি

পানছড়ি বাজার বয়কট সাময়িক স্থগিতের সিদ্ধান্ত

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ) পানছড়ি ইউনিট চলমান পানছড়ি বাজার বয়কট কর্মসূচি সাময়িকভাবে স্থগিত রাখার সিদ্ধান্ত নিয়েছে।

স্থানীয় প্রশাসনের অনুরোধের প্রেক্ষিতে এবং সাধারণ পাহাড়ি-বাঙালি জনগণের অসুবিধার কথা বিবেচনা করে উক্ত সিদ্ধান্ত নেয়া হয়েছে বলে ইউপিডিএফ পানছড়ি ইউনিটের সংগঠক অপু ত্রিপুরা আজ ২৯ জানুয়ারি ২০২৪ সোমবার সংবাদ মাধ্যমে দেয়া এক বিবৃতিতে জানিয়েছেন।

সিদ্ধান্ত মোতাবেক আগামী ১ ফেব্রুয়ারি থেকে ১৫ ফেব্রুয়ারি ২০২৪ পর্যন্ত বাজার বয়কট কর্মসূচি স্থগিত থাকবে; উক্ত সময়ের মধ্যে দাবি পূরণ করা না হলে বা দাবি পূরণে দৃশ্যমান অগ্রগতি পরিলক্ষিত না হলে বাজার বয়কট পুনরায় চলবে বলে তিনি জানান।

ইউপিডিএফ নেতা ক্ষেত্রের সাথে বলেন, বিপুল চাকমাসহ চার যুব নেতার খুনীদের গ্রেফতার না করার কারণে গত ২৪ জানুয়ারি মহালছড়িতে তারা আরও দুই ইউপিডিএফ কর্মীকে হত্যা করেছে।

এ হত্যার দায় স্থানীয় সামরিক ও বেসামরিক প্রশাসনকে নিতে হবে বলে তিনি মন্তব্য করেন এবং অবিলম্বে খুনীদের গ্রেফতার ও বিচার এবং ঠ্যাঙাড়ে বাহিনী ভেঙে দেয়ার দাবি জানান।

উল্লেখ্য, গত ১১ ডিসেম্বর খাগড়াছড়ির পানছড়ির অনিলপাড়ায় ইউপিডিএফ-ভুক্ত গণসংগঠনের নেতা বিপুল চাকমা, সুনীল ত্রিপুরা, লিটন চাকমা ও রুহিন ত্রিপুরাকে হত্যার পর ইউপিডিএফ পানছড়ি ইউনিট খুনীদের গ্রেফতার ও ঠ্যাঙাড়ে বাহিনী ভেঙে দেয়ার দাবিতে উক্ত বাজার বয়কট কর্মসূচি ঘোষণা করে।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)